

জনসংযোগ অফিস  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



**Public Relations Office**  
**Jahangirnagar University**  
**Savar Dhaka Bangladesh**  
**Phone: +88027791045-51**

## জরুরি প্রেস বিজ্ঞপ্তি

গোলাম রাব্বানী ও সাদ্দাম হোসাইনের ফোনালাপ উপাচার্যকে বিতর্কিত করার ষড়যন্ত্র ॥

নির্মাণ কাজের টাকার ভাগ-বাটোয়ারা নিয়ে ফোনালাপ প্রসঙ্গে জাবি কর্তৃপক্ষের বক্তব্য

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ সেপ্টেম্বর ২০১৯।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন মহাপরিকল্পনার নির্মাণ কাজের টাকা পয়সার ভাগ-বাটোয়ারা নিয়ে ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সদ্য সাবেক সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী এবং জাবি ছাত্রলীগের নেতা সাদ্দাম হোসাইন এবং হামজা রহমান অন্তর-এর ফোনালাপে উপাচার্য মহোদয়কে জড়িয়ে গতকাল ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বিভিন্ন গণমাধ্যমে যে ফোনালাপ প্রচারিত-প্রকাশিত হয়েছে, তা অসত্য এবং উদ্দেশ্যমূলক।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দৃঢ়ভাবে জানাচ্ছেন যে, উপাচার্য মহোদয়ের সঙ্গে টাকা ভাগের কোনো আলাপ হয়নি। তিনি কাউকেই অর্থ প্রদান করেননি। জনাব গোলাম রাব্বানী উপাচার্য মহোদয়কে বিতর্কিত করার ষড়যন্ত্রের অংশ হিসেবে এই ফোনালাপের গল্প তৈরি করেছেন। এ ধরনের পরিকল্পিত মিথ্যা গল্পের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছেন কর্তৃপক্ষ।

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে কর্তৃপক্ষ আরও জানাচ্ছেন যে, এই মিথ্যে গল্পের সত্যাসত্য প্রমাণ করার দায়িত্ব উপাচার্য মহোদয়ের নয়। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় যে, দৈনিক সমকালের প্রতিনিধির সাথে আলাপের এক পর্যায়ে সাদ্দাম হোসাইন বলেছে “তিনি (রাব্বানী) সেন্ট্রাল ছাত্রলীগের সেক্রেটারী ছিলেন। আমি তার রাজনীতি করতাম। অনেক কথাই তার সাথে হয়েছে। সে যা বলতে বলেছে তাই বলেছি, যা করতে বলেছে তাই করেছি”- ইত্যাদি কথার মাধ্যমে বুঝা যায় জনাব গোলাম রাব্বানী ও সাদ্দাম হোসাইনের ফোনালাপ পূর্ব পরিকল্পিত এবং সাজানো।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাঠক তথা দেশবাসী এবং সংশ্লিষ্ট সকলকে মিথ্যা অপপ্রচারে বিভ্রান্ত না হয়ে সত্য ও ন্যায়ের পক্ষে সমর্থন ও অবস্থান নেয়ার আহ্বান জানাচ্ছেন।

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ অফিস